

الْبَصِير

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহির রহমানির রহিম

আল্লাহর সুন্দরতম ৯৯ নাম 'আসমাউল হুসনার' ২৮ তম নাম 'الْبَصِير' আজকের আলোচনার বিষয়। আরবি ভাষায় 'الْبَصِير' শব্দের মূল ر - ص - ب, এই মূল শব্দ থেকে গঠিত শব্দসমূহ পবিত্র কোরআন মাজিদে ১৪৮ বার এসেছে। দেখা, ধারণ করা, দেখানো, দৃশ্য, অন্তর্দৃষ্টি, সাক্ষী, সর্বদ্রষ্টা ইত্যাদি অর্থে ব্যবহৃত হয়েছে। আল্লাহ الْبَصِير অর্থ: তিনি সবকিছু দেখেন।

মহান আল্লাহ পবিত্র কুরআনে ইরশাদ করেন:

إِنَّ اللَّهَ يَأْمُرُكُمْ أَنْ تُؤَدُّوا الْأَمَانَاتِ إِلَىٰ أَهْلِهَا وَإِذَا حَكَمْتُمْ بَيْنَ النَّاسِ أَنْ تَحْكُمُوا بِالْعَدْلِ إِنَّ اللَّهَ نِعِمَّا يَعِظُكُمْ بِهِ إِنَّ اللَّهَ كَانَ سَمِيعًا بَصِيرًا ﴿٥٨﴾

নিশ্চয়ই আল্লাহ তোমাদের নির্দেশ দিয়েছেন, আমানত তার হকদার কে দিয়ে দিতে। তিনি আরও নির্দেশ দিচ্ছেন, তোমরা যখন মানুষের মাঝে বিচার-ফয়সালা করবে, ন্যায় ও ইনসাফের সাথে সুবিচার করবে। আল্লাহ তোমাদের অতি উত্তম উপদেশ দিচ্ছেন। নিশ্চয়ই আল্লাহ সর্বশ্রোতা, সর্বদ্রষ্টা। (সূরা আন নিসা: আয়াত নং ৫৮)

وَاللَّهُ يَفْضِي بِالْحَقِّ وَالَّذِينَ يَدْعُونَ مِنْ دُونِهِ لَا يَقْضُونَ بِشَيْءٍ إِنَّ اللَّهَ هُوَ السَّمِيعُ الْبَصِيرُ ﴿٢٠﴾

আল্লাহ ন্যায় বিচার করবেন। তারা আল্লাহর পরিবর্তে যাদের ডাকে, তারা বিচার করতে অক্ষম। নিশ্চয়ই আল্লাহ সর্বশ্রোতা, সর্বদ্রষ্টা। (সূরা আল মোমেন: আয়াত নং ২০)

إِنَّ الَّذِينَ يُجَادِلُونَ فِي آيَاتِ اللَّهِ بِغَيْرِ سُلْطَانٍ أَتَاهُمْ إِنْ فِي صُدُورِهِمْ إِلَّا كِبْرٌ مَّا هُمْ بِبَالِغِيهِ فَاسْتَعِذْ بِاللَّهِ إِنَّهُ هُوَ السَّمِيعُ الْبَصِيرُ ﴿٥٦﴾

কোন প্রমাণ প্রাপ্তি ছাড়াই যারা আল্লাহর আয়াত সম্পর্কে বিতর্কে লিপ্ত হয়, অবশ্যই তাদের অন্তরে রয়েছে অহংকার। যে পর্যন্ত তারা পৌঁছতে পারবে না। অতএব আল্লাহর আশ্রয় প্রার্থনা করো। নিশ্চয়ই তিনি সব শুনে, সব দেখেন। (সূরা আল মোমেন: আয়াত নং ৫৬)

বুখারী ও মুসলিম শরীফের হাদিস-

রাসূল (সা:) বলেন- সর্বোত্তম ঈমান হচ্ছে সেই ঈমান, যে ঈমান ইবাদত (সালাত, যাকাত, সওম, হজ্ব ইত্যাদি) করার সময় মনে করবে যে, সে আল্লাহকে দেখছে, যদিও সে আল্লাহকে দেখতে পাচ্ছে না, কিন্তু এটা মনে করতে হবে যে, আল্লাহ নিশ্চয়ই তাকে দেখছেন। কারণ, তিনি সর্বদ্রষ্টা।

তোমার প্রতিটি নেককাজ সর্বোত্তমভাবে করার প্রাণান্তকর প্রচেষ্টা করবে।

আসুন, আমাদের নেক আমলগুলো আল্লাহ ও রাসূলের নির্দেশিত পন্থায় সর্বোত্তম ভাবে করার চেষ্টা করি। আল্লাহ আমাদের শিরকমুক্ত ইবাদত করার তৌফিক দান করুন। কারণ শিরক এমন পাপকাজ, যেটা আল্লাহ ক্ষমা করবেন না বলে ঘোষণা করেছেন। আল্লাহ আমাদের সাহায্য করুন।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়াহমা তুলাহি ওয়াবাকাতুহা